**ALL INDIA RADIO**

**REGINAL NEWS UNIT SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI/ বাংলা**

**12 MAY 2024** **7:45—7:55 PM IST**

---

১) লোকসভা নির্বাচনের পঞ্চম , ষষ্ঠ এবং সপ্তম পর্যায়ের নির্বাচনী প্রচারের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের তৎপরতা বৃদ্ধি ।

২) আগামীকাল চতুর্থ পর্যায়ের ভোট গ্রহণ । ১০টি রাজ্য ও ১টি কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৯৬টি লোকসভা আসনের ভোট গ্রহণের চূড়ান্ত প্রস্তুতি সম্পন্ন ।

৩) চলতি বছর থেকে ফার্মাসী বিষয়ে শিক্ষা গ্রহণের জন্য প্রবেশ পরীক্ষায় অবতীর্ণ হতে হবে বলে শ্রীমন্ত শংকরদেব স্বাস্থ্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের প্রকাশ ।

৪) উত্তর-পূর্ব সীমান্ত রেলের লামডিং ডিভিশনের অধীন জাটিঙ্গা-লামপুর এবং নিউ হারাঙ্গাজাও-এর মধ্যবর্তী ট্রাক মেরামতির জন্য শিলচর - গৌহাটি এবং শিলচর নাহারলাগুন ট্রেন দুটির যাত্রা বাতিল করা সহ আরো দুটি ট্রেনের সময় সূচির পরিবর্তন ।

---

লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ের প্রচার অভিযান **শেষ** হওয়ার সঙ্গে সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা পঞ্চম , ষষ্ঠ এবং সপ্তম পর্যায়ে অনুষ্ঠেয় নির্বাচন কেন্দ্র গুলিতে প্রচার অভিযান জোরদার করে তুলেছেন । বি জে পির প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রচার

অভিযানে অংশ গ্রহণ করার উদ্দেশ্যে দু-দিনের সফরসূচি নিয়ে ইতিমধ্যেই বিহার উপস্থিত হয়েছেন । শ্রী মোদী আজ ওই রাজ্যের বিভিন্ন লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীদের পক্ষে প্রচার কার্যে অংশ গ্রহণ করেছেন । আজ সন্ধ্যায় তিনি পাটনায় বি জে পি প্রার্থী তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রবিশংকর প্রসাদের পক্ষে একটি রোড-শোতেও অংশ নিয়েছেন । কংগ্রেস ওই আসনে লোকসভার প্রাক্তন অধ্যক্ষ মীরা কুমারের পত্র অংশুল অভিজিৎকে প্রার্থী হিসেবে দাড় করিয়েছে । শ্রী মোদী আগামীকাল বিহারে আরো তিনটি নির্বাচনী সমাবেশে অংশ গ্রহণ করবেন ।

উল্লেখ্য যে আসামের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মাও গতকাল বেগুসরাই লোকসভা নির্বাচন কেন্দ্রে প্রচার অভিযানে অংশ নিয়েছিলেন । এদিকে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাসও নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করতে পশ্চিমবঙ্গে অবস্থান করছেন । শ্রী দাস আজ দলের কলকাতা কার্যালয়ে দলীয় কর্মী ও নেতাদের সঙ্গে এক বৈঠকেও মিলিত
হয়েছেন ।

অন্যদিকে কংগ্রেস নেতা রাহুল গান্ধী এবং সমাজবাদী পার্টীর প্রধান অখিলেশ যাদব আজ উত্তর প্রদেশের বেশ কয়েকটি লোকসভা আসনের আই এন ডি আই এ মিত্রজোট প্রর্থীর পক্ষে প্রচারকার্যে অংশ গ্রহণ করেন । কংগ্রেস নেতা তথা চন্ডিগড়ের প্রাক্তন মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেলাও আজ রায়বেরেলী আসনের কংগ্রেস প্রার্থী রাহুল গান্ধীর সমর্থনে নির্বাচনী প্রচার চালান ।

---

লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ের ভোটগ্রহণের জন্য চূড়ান্ত প্রস্তুতি সম্পূর্ণ করা হয়েছে । এই পর্যায়ে দেশের ৯টি রাজ্য ও ১টি কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৯৬টি লোকসভা আসনের জন্য আগামীকাল সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে । এরমধ্যে অন্ধ্রপ্রদেশের ২৫টি , তেলেঙ্গানার ১৭টি , উত্তরপ্রদেশের ১৩টি মহারাষ্ট্রের ১১টি , মধ্যপ্রদেশ এবং **পশ্চিম বঙ্গের** ৮টি করে , বিহারের ৫টি ওড়িষ্যা ও ঝারখন্ডের ৪টি করে এবং কেন্দ্রীয় শাসিত অঞ্চল জম্মু-কাশ্মীরের ১টি আসনের জন্য ভোট গ্রহণ করা হবে । আগামীকাল অনুষ্ঠেয় ৯৬টি লোকসভা আসনের জন্য মোট ৭শো ১৭ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । আগামীকালের চতুর্থ পর্যায়ের লোকসভা নির্বাচনের সঙ্গে সঙ্গে সমান্তরালভাবে ১শো ৭৫ সদস্য বিশিষ্ট অন্ধ্রপ্রদেশ এবং ১শো ৪৭ আসন বিশিষ্ট ওড়িষ্যা বিধানসভার ২৮টি আসনের জন্যও ভোট গ্রহণ করা হবে ।

---

রাজ্যের সরকারী বা বেসরকারী ক্ষেত্রের প্রতিষ্ঠানে ফামার্সি বিষয়ে স্নাতক ডিগ্রি অথব্য ফামার্সি’তে ডিপ্লোমা পাঠ্যক্রমে শিক্ষাগ্রহণের জন্য চলতি বছর থেকে এন্ট্রান্স পরীক্ষায় অবতীর্ণ হতে হবে । রাজ্যের স্বাস্থ্য বিজ্ঞান সংক্রান্ত শ্রীমন্ত শঙ্করদেব বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ডাঃ করবী বড়ুয়া এক বিজ্ঞপ্তিতে এই বিষয়ে প্রকাশ করেছেন । চলতি বছরে এই দুই পাঠ্যক্রমে নাম ভর্তি করতে

চাওয়া ছাত্রছাত্রীদের আগামী ২৩শে জুন অনুষ্ঠেয় প্রবেশ পরীক্ষা বা এন্ট্রান্স পরীক্ষায় বসতে হবে । শিলচর, গুয়াহাটি, ডিব্রুগড়, যোরহাট, বড়পেটা, তেজপুর, ডিফু, লক্ষিমপুর, ধুবড়ি এবং কোকরাঝাড়ে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে । বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই পরীক্ষায় অবতীর্ণ হতে চাওয়া ছাত্রছাত্রীদের অনলাইনে আবেদন করার আহ্বান জানিয়েছে । আগামী ১৪ই মে থেকে ১৯শে মে'র মধ্যে নির্দিষ্ট ওয়েবসাইটে অনলাইন ফর্ম পাওয়া যাবে বিশ্ববিদ্যালয় সূত্রে জানানো হয়েছে । এই পাঠ্যক্রমগুলিতে আবেদনের জন্যে প্রয়োজনীয় যোগ্যতা ও মাশুল ইত্যাদির বিষয়ে বিস্তারিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে । শিক্ষার্থীদের এই ব্যাপারে আরো তথ্য জানতে হলে এরজন্য ৭৯৭৭২-৫৯৭২৮ এই হেল্পলাইন নম্বরে ফোন করতে বলা হয়েছে ।

---

ডিমা-হাসাও জেলার পর্যটন ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করে উত্তর-পূর্ব পার্বত্য স্বশাসিত পরিষদ (এন সি এইচ এ সি) এর কার্যবাহী সদস্য দেবোলাল গারলোসা আজ উমরাংশুর ১৬ কিলোমিটার এলাকার মধ্যে নতুন আবিষ্কৃত হওয়া লুঙ্কিপন কেভ এবং উমরাংশু গলফ কোর্সের পাশে নিপকো জল সংরক্ষণ লেকে জেটস্কি রাইডের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন । উল্লেখ্য- ডিমা-হাসাও জেলায় প্রথম বারের মতো এই জেটস্কি রাইড চালু করা হয়েছে, যা খুব শীঘ্রই প্রশিক্ষিত চালকদের দ্বারা পর্যটকদের জন্য চালু হয়ে যাবে । এই উপলক্ষে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে মুখ্য কার্যবাহী সদস্য শ্রী গারলোসা জানান যে- উত্তর পূর্ব পার্বত্য স্বশাসিত পরিষদ ডিমা-হাসাও জেলার সার্বিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ । এবং জেলাটিকে একটি অন্যতম পর্যটন স্থল হিসেবে গড়ে তোলা হবে বলেও তিনি জানান । উমরাংশুর প্রাকৃতিক সৌন্দর্যের কথা উল্লেখ করে শ্রী গারলোসা বলেন যে- এখানে পাঁচতারা হোটেল তৈরি করার পাশাপাশি স্থানীয় আর্থনীতিকে চাঙ্গা করে তোলার জন্য উমরাংশুর টাম্বাঙ গ্রামে হোমস্টে গড়ে তোলার ক্ষেত্রেও উৎসাহ প্রদান করা হবে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের লামডিং ডিভিশনের অধীন জাটিঙ্গা-লামপুর এবং নিউ হারাঙ্গাজাও-এর মধ্যবর্তী ১শো ১০ কিলোমিটার অংশের ট্রাক মেরামতির জন্য শিলচর - গৌহাটি এবং শিলচর নাহারলাগুন ট্রেন দুটির যাত্রা বাতিল করা সহ আরো দুটি ট্রেনের সময় সূচির পরিবর্তন করা হয়েছে ।

এই অনুসারে , আগামীকাল শিলচর থেকে যাত্রা শুরু করা ১৫৬১৬ শিলচর - গৌহাটি এবং গৌহাটি থেকে শিলচরের উদ্দেশ্যে রওয়ানা হওয়া ১৫৬১৫ গৌহাটি - শিলচর ট্রেনটির চলাচল বাতিল করা হয়েছে । একই ভাবে আগামীকাল ও আগামী মঙ্গলবারের ০৫৬৩৮ শিলচর - নাহারলাগুন এবং ০৫৬৩৭ নাহারলাগুন - শিলচর ট্রেন দুটির চলাচলও বাতিল করা হয়েছে ।

অন্যদিকে , আগামীকাল শিলচর থেকে যাত্রা শুরু করতে যাওয়া ১৪০৩৭ শিলচর - নিউ দিল্লী পূর্বত্তর সম্পর্কক্রান্তি এক্সপ্রেস ট্রেনটি পূর্ব নির্ধারিত সময়ের পরিবর্তে আগামীকাল রাত ১১টা - ৪৫ মিনিটে যাত্রা শুরু করবে ।

**অন্যরূপে ,** আগামীকালের আগরতলা - আনন্দবিহার টারমিনাল তেজস রাজধানী এক্সপ্রেস ট্রেনটি পূর্ব নির্ধারিত সময়ের পরিবর্তে আগামীকাল রাত ১১টা ১০ মিনিটে যাত্রা শুরু করবে । বিস্তারিত জানতে যাত্রীদের উত্তর-পূর্ব সীমান্ত রেলের ওয়েবসাইটে লগ-ইন করতে বলা হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে ডিব্রুগড়-সেকেন্দ্রাবাদ বিশেষ যাত্রীবাহী ট্রেন পরিষেবা অব্যাহত থাকবে । সীমান্ত রেল সূত্রে আরো জানানো হয়েছে যে- ডিব্রুগড়-সেকেন্দ্রাবাদ বিশেষ যাত্রীবাহী ট্রেনটি প্রতি সোম ও বৃহস্পতিবার চলাচল করবে ।

এছাড়া হাওড়া ও জলপাইগুড়ির মধ্যেও সুপারফাষ্ট গ্রীষ্মকালীন ট্রেন পরিষেবা চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।

---

আসাম-নাগাল্যান্ড সীমান্তের লাহরীজানে হেরোইন সহ এক যুবককে আজ আসাম পুলিশ গ্রেপ্তার করেছে । যুবকটির কাছ থেকে ১৪ টি সাবানের বাক্সে রাখা বৃহৎ পরিমাণ হেরোইন খটখটিয়া থানার পুলিশ বাজেয়াপ্ত করেছে । বিশেষ সূত্রের থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে মহকুমা পুলিশ আধিকারিকের নেতৃত্বে খটখটিয়া থানার ভারপ্রাপ্ত আধিকারিক এবং অন্যান্য পুলিশ কর্মীদের চালানো অভিযানে ডিমাপুর থেকে আসা ঐ যুবককে মাদকদ্রব্য সহ গ্রেপ্তার করা হয় । পুলিশ ধৃত যুবকটির কাছ থেকে আরো তথ্য সংগ্রহের জন্য খটখটিয়া থানায় প্রাথমিক জিজ্ঞাসাবাদ জারী রেখেছে ।

---

করিমগঞ্জ এরালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের ব্যবস্থাপনায় এবং অসম বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ পরিষদ (এসটেক) এর সহযোগীতায় গতকাল ঐ কলেজের প্রেক্ষাগৃহে সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট বিষয়ক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । কলেজ অধ্যক্ষ ডক্টর জয়শ্রী চক্রবর্তী প্রদীপ প্রজ্বোলন করে কর্মশালার উদ্বোধন করেন ।

কর্মশালায় আসাম বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ডক্টর সুদীপ চৌধুরী এবং ওয়ার্ল্ড রেকর্ড অফ এক্সেলেন্ট এওয়ার্ড পুরস্কার প্রাপক পৌলবী দেবরায় মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

---

সমাপ্ত